




প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)



৩, সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৮৮৩২০০৮১, ফ্যাক্স : ৮৮০-২-৮৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: www.pib.gov.bd, ই-মেইল : dg@pib.gov.bd, dg@pib@yahoo.com. দেশীয় মিডিয়া : fb.com/pib.gov.t

পিআইবি'র নৈতিকতা কমিটির ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর নৈতিকতা কমিটির সভা ৩০.১২.২০২১ তারিখ বেলা ১০.৩০ মি. কমিটির আহবায়ন ও পরিচালক (প্রশাসন)-এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

ক্র নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আফরাজুর রহমান পরিচালক (প্রশাসন)	আহবায়ক, নৈতিকতা কমিটি
২.	আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ)	সদস্য
৩.	পরিচালক (অধ্যয়ন ও প্রশিক্ষণ)	সদস্য
৪.	সহযোগী সম্পাদক	সদস্য
৫.	মো. জাকির হোসেন উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৬.	মোহাম্মদ আফতাব উদ্দিন ভূঞা মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে আহবান জানান। জনাব মো. জাকির হোসেন জানান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। কমিটির সদস্য ও পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) বলেন, কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে শীত উপলক্ষ্যে ফুল দিয়ে আঙ্গিনা সাজানো যায়। প্রতি বিভাগে ১টি ফাস্ট এইড বক্স স্থাপন করা আবশ্যিক। দপ্তরকে ধূমপানমুক্ত ঘোষণা করা যেতে পারে। ইতিমধ্যে পিআইবি'র আবাসিক প্রশিক্ষার্থীদের সঙ্গে শুদ্ধাচার বিষয়ক ৩টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে, মোবাইল জার্নালিজম বিষয়ে ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে, ক্রয় পদ্ধতি বিষয়ে ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে, ভিত্তিহীন ও বিকৃত সংবাদ প্রচাররোধে সাংবাদিকদের সঙ্গে ২টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দিন ভূঞা জানান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ২০২১-২০২২ অর্থবছরে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া যান্মাষিক পরিবীক্ষণ প্রতিবেদন চূড়ান্ত হলে নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে আপলোড করা হবে।

এ প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে দেখা যায়, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী এ প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর) মোট অর্জিত মান ১০.২৫। যান্মাষিক অগ্রগতির অর্জিত মান ২১.৫০।

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মোহাম্মদ আফরাজুর রহমান)

পরিচালক (প্রশাসন)

ও

আহবায়ক

নৈতিকতা কমিটি